

# 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৬৯৪

৪৮. পোশাক-পরিচ্ছদ অধ্যায় (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৪. মহিলাদের জন্য কোন কোন কাপড় নিষেধ

مَا يُكْرَهُ لِلنِّسَاءِ لُبْسُهُ مِنْ التِّيَابِ

### আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ ابْنِ شِهَابٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ مِنْ اللَّيْلِ فَنَظَرَ فِي أُفُقِ السَّمَاءِ فَقَالَ مَاذَا فُتِحَ اللَّيْلَةَ مِنْ الْخَزَائِنِ وَمَاذَا وَقَعَ مِنْ الْفِتَنِ كَمْ مِنْ كَاسِيَةٍ فِي الدُّنْيَا عَارِيَةٌ يَوْمَ الْقِيَامَةِ أَيْقِظُوا صَوَاحِبَ الْحُجَرِ

#### বাংলা

রেওয়ায়ত ৮. ইবনে শিহাব (রহঃ) হইতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক রাত্রে জাগরিত হইলেন এবং আকাশের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া বলিলেন, আল্লাহ তা'আলা এই রাত্রে কত ধনাগার খুলিয়া দিয়াছেন এবং কত ফিতনা অবতীর্ণ করিয়াছেন! পৃথিবীতে অনেক কাপড় পরিধানকারিণী স্ত্রীলোক পরকালে উলঙ্গ অবস্থায় উঠিবে।[1] যাহারা কক্ষে রহিয়াছে তাহাদেরকে জাগাইয়া দাও (অর্থাৎ ইবাদতের জন্য)।

## **English**

Yahya related to me from Malik from Yahya ibn Said from Ibn Shihab that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, stood up in the night and looked at the horizon of the sky. He said, "What treasures has the night opened? What trials have occurred? How many are dressed in this world and will be naked on the Day of Rising. Warn the women in their rooms."

## ফুটনোট

[1] অর্থাৎ আমার উম্মতদের জন্য ধনাগার খুলিয়া দেওয়া হইয়াছে, সাথে সাথে ফিতনা-ফাসাদও অবতীর্ণ হইয়াছে। যে সকল নারী অতি পাতলা কাপড় পরিয়া সৌন্দর্য প্রদর্শন করে তাহারা আখিরাতে উলঙ্গ থাকিবে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=74591}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন